

শ্রীমদ্বিতীয় গীতার ব্যাখ্যা

মিঠু ঘোষাল

প্রথম অধ্যায়

অর্জুন - বিষাদ যোগ

শ্লোক - ১

ধৃতরাষ্ট্র উবাচ

ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পান্ডবাশ্চেব কিম্বুর্বত সংজয়॥ ১॥

শব্দার্থ

ধৃতরাষ্ট্র - ধৃতরাষ্ট্র ; উবাচ - বললেন ; ধর্মক্ষেত্রে - ধর্মক্ষেত্রে ; কুরুক্ষেত্রে - কুরুক্ষেত্রে নামক স্থানে। সমবেতাঃ - সমবেত ; যুযুৎসবঃ - যুদ্ধকামী ; মামকাঃ - আমার দল ; পান্ডবাঃ - পান্ডুর ছেলেরা। চ - এবং ; এব - অবশাই ; কিম - কি ; অকুর্বত - করেছিলো ; সংজয় - হে সংজয়।

বঙ্গানুবাদ

ধৃতরাষ্ট্র সংজয়কে সম্মান করে বললেন যে সংজয় যেন তাঁকে ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে যুদ্ধ করার বাসনা নিয়ে সমবেত হওয়া তাঁর পুত্র ও কুরুপুত্রদের ক্রিয়াকলাপের বিবরণ দেন।

বিশেষ টিপ্পিনি

১) অর্জুন - বিষাদ যোগ - বৈরাগ্যের জন্ম বিষাদ থেকেই। এই প্রথম অধ্যায়ে তৃতীয় পান্ডবের মনে বিষাদের জন্ম হয়েছিলো ; যা পরে বৈরাগ্যের রূপ পরিগ্রহ করে নেয়।

২) শ্লোকের টিপ্পিনি - অন্ধ ধৃতরাষ্ট্র মামকাঃ অর্থাৎ আমার দল কথাটা বলে প্রমান করে দেন যে তিনি বাস্তবে একজন স্নেহান্বিত পিতাই ছিলেন। কোনো নিরপেক্ষ রাজা নন।

শ্লোক - ২

সংজয় উবাচ

দৃষ্টা তু পান্ডবানীকং ব্যুত্তং দুর্যোধস্তদা।

আচার্যমুপসঙ্গম্য রাজা বচনমত্তবীৎ// ২১

শব্দার্থ

সংজয়ঃ - সংজয় ; উবাচ - বললেন ; দৃষ্টা - দর্শন করে ; তু - কিন্তু ; পান্ডব - অনীকম - পান্ডবদের সেনা ; বৃত্তম - সামরিক বৃহৎ ; দুর্যোধন - ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র ; তদা - সেই সময় ; আচার্যম - দ্রোণাচার্য ; উপসঙ্গম্য - কাছে গিয়ে ; রাজা - রাজা ; বচনম - বাক্য ; আত্মবীৎ - বলেছিলেন ;

বঙ্গনুবাদ

উভয়ে সংজয় বললেন যে, পান্ডবদের সৈন্যসজ্জা ভালো ভাবে দেখে নেওয়ার পরে দুর্যোধন দ্রোণাচার্যের কাছে গিয়ে (কিছু কথা) বলে এলেন।

বিশেষ টিপ্পিনি

১) শ্লোকের টিপ্পিনি - দুর্যোধন একজন চতুর যোদ্ধা তথা সেনাপতি ছিলেন। কিন্তু, পান্ডবদের সৈন্যসজ্জা তাঁকে নিঃসন্দেহে চিহ্নিত তথা ভীত করে তুলেছিলো। তাই তিনি গুরু দ্রোণের কাছে গিয়ে ছিলেন শলা পরামর্শ করতে।

শ্লোক - ৩

পশ্যেতাং পান্ডুপুত্রাণামাচার্য মহতীং চমুম।
বৃত্তাং দ্রুপদপুত্রেশ তব শিষ্যেণ ধীমতা॥ ৩॥

শব্দার্থ

পশ্য -দেখুন ; এত্যম - এই ; পান্ডু - পুত্রাণাম - পান্ডুর পুত্রদের ; আচার্য - আচার্য (সম্বোধন) ; মহতীম - মহান ; চমুম - সৈনবল ; বৃত্তাম - বৃহৎ ; দ্রুপদ - পুত্রেণ - দ্রুপদের পুত্র দ্বারা ; তব - আপনার ; শিষ্যেণ - শিষ্যের দ্বারা ; ধীমতা - খুব বুদ্ধিমান ;

বঙ্গনুবাদ

আচার্য, আপনার বুদ্ধিমান শিষ্য তথা দ্রুপদ পুত্র দ্বারা ব্যহৃতের আকারে সজ্জিত পান্ডবদের বিরাট সৈনবলের দিকে তাকিয়ে দেখুন।

বিশেষ টিপ্পিনি

১) শ্লোকের টিপ্পিনি - চতুর দুর্যোধন চতুরতার সঙ্গে দ্রোণাচার্যকে তাঁর পান্ডব পক্ষীয় শিষ্যদের প্রতি কোমল মনোভাব ত্যাগ করতে ও তাঁদের (পান্ডবদের) দুর্বল না ভাবার কথা মনে করিয়ে দিলেন।

শ্লোক - ৪

অত্র শূরা মহেষাসা ভীমার্জুনসমা যুধি।
যুবুধানো বিরাটচ দ্বুপদশ মহারথঃ ॥ ৪।।

শব্দার্থ

অত্র - এখানে ; শূরাঃ - মহান যোদ্ধাগণ ; মহা - ইয়ু - আসাঃ - শক্তিমান ধনুর্ধরগণ ; ভীম - অর্জুন - ভীম ও অর্জুন ; সমাঃ - সমকক্ষ ; যুধি - যুদ্ধে ; যুবুধানঃ - যুবুধান ; বিরাটঃ - বিরাট ; চ - ও ; দ্বুপদ - দ্বুপদ ; মহারথঃ - মহারথী ;

বঙ্গানুবাদ

এখানে এখন বহু মহান যোদ্ধা, শক্তিমান ধনুর্ধরগণ আছেন। যেমন - ভীম ও অর্জুনের মতো বিরাট যোদ্ধা, দ্বুপদের মতো মহারথী!

শ্লোক - ৫

ধৃষ্টকেতুশেকিতানঃ কাশিরাজশ বীর্যবান।
পুরজিৎ কুষ্ঠিভোজশ শৈব্যশ নরপুষ্পবঃ ॥ ৫।।

শব্দার্থ

ধৃষ্টকেতু - ধৃষ্টকেতু ; চেকিতানঃ - চেকিতান ; কাশিরাজঃ - কাশিরাজ ; চ - ও ; বীর্যবান - বিপুল বলশালী ; পুরজিৎ - পুরজিৎ ; কুষ্ঠিভোজঃ - কুষ্ঠিভোজ ; চ - ও ; শৈব্যঃ - শৈবা ; চ - ও ; নরপুষ্পবঃ - শ্রেষ্ঠ মানব।

বঙ্গানুবাদ

আছেন ধৃষ্টকেতু, চেকিতান, কাশিরাজ, পুরজিৎ, কুষ্ঠিভোজের মতো বিপুল বলশালী ও শ্রেষ্ঠ মানবগণও।

শ্লোক - ৬

যুধামন্যশ বিক্রান্ত উত্তমৌজাশ বীর্যবান।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ সর্ব এব মহারথাঃ ৬।।

শব্দার্থ

যুধামন্যঃ - যুধামন্য ; চ - ও ; বিক্রান্তঃ - শক্তিমান ; উত্তমৌজাঃ - উত্তমৌজা ; চ - ও ; বীর্যবান - বিপুল বলশালী ; সৌভদ্রঃ - সুভদ্রার পুত্র ; দ্রৌপদেয়াঃ - দ্রৌপদীর পুত্রগণ ; চ - ও ; সর্বে - সকলে ; এব - অবশ্যই ;

মহারথাঃ - মহারথীগণ।

বঙ্গনুবাদ

সেই সঙ্গেই আছেন যুধামন্ত্য, উত্তমোজা, সুভদ্রা ও দ্বৌপদীর পুত্রেরাও। এঁরা সকলেই এক একজন মহারথী।

বিশেষ টিপ্পিনি

১) ৪, ৫ ও ৬ সংখ্যক শ্লোকের টিপ্পিনি - দুর্যোধন দ্রোগাচার্যকে স্নেহ দুর্বলতা দূর করতে ও অতিরিক্ত আত্মাবিশ্বাস বেড়ে ফেলতে উদ্বৃদ্ধ করলেন অত্যন্ত চতুরতার সঙ্গে। প্রকাশ পেলো তাঁর নিজের মনের ভয়ও।